# পারিবারিক সহিংসতায় মৃত্যু বা ডমেষ্টিক হোমিসাইড পর্যালোচনা সংক্রান্ত তথ্যাবলী

## পরিবারের সদস্যদের জন্য লিফলেট

Home Office

### ডমেষ্টিক হোমিসাইড পর্যালোচনা কী?

ডমেষ্টিক হোমিসাইড পর্যালোচনা হল পারিবারিক সহিংসতায় সাড়া প্রদান সংক্রান্ত উন্নয়নের ব্যাপারে একটি পন্থা এবং এর উদ্দেশ্য হল আপনার পরিবারের সদস্যের মাঝে ঘটে যাওয়া ঘটনা যাতে অন্য কারো প্রতি না ঘটে সেটি প্রতিরোধ করা। যে কারণে আপনার পরিবারের সদস্যের মৃত্যু হয়েছে সে ব্যাপারে সরকারী সংস্থা যেমন সোশ্যাল সার্ভিসেস, কাউন্সিল, পুলিশ ও অন্যান্য কমিউনিটি ভিত্তিক প্রতিষ্ঠানসমূহের বোঝাপড়া নিশ্চিত করতে ডমেষ্টিক হোমিসাইড পর্যালোচনা দলটি সচেষ্ট থাকবে এবং পরিস্থিতিতে সাড়া দেবার পন্থাগুলো উন্নয়নের বিষয়গুলো তারা চিহ্নিত করবে। একত্রে কাজ করতে হলে যে বিষয়গুলো তাদেরকে প্রভাবিত করে সেটি সহ সব সঠিক জিনিষ এই পর্যালোচনার মাধ্যমে জানতে পারবে বলে সরকারী সংস্থাগুলো আশা প্রকাশ করে। এই পর্যালোচনাটি কাউকে দোষারোপের জন্য নয় তবে এর উদ্দেশ্য হল ঘটনাটি বুঝা এবং এবং অন্য কোন বিকল্প পন্থায় ঘটনাটিতে সাড়া দেয়া যেত কিনা সেটি খতিয়ে দেখা। ভবিষ্যতে পারিবারিক সহিংসতার পরিস্থিতির উদ্ভব হলে সেটিতে সাড়া প্রদানে উন্নয়নের ব্যাপারেও তারা কর্মপরিকল্পনার সুপারিশ করবে।

ডমেষ্টিক হোমিসাইড পর্যালোচনা হল ডমেষ্টিক ভায়োলেন্স, ক্রাইম এন্ড ভিক্টিম এ্যক্ট ২০০৪ এর একটি অংশ আর যেটি ১৩ই এপ্রিল ২০১১ থেকে আইনে পরিণত হয়েছে। এই আইনটিকে প্রতিস্থাপিত করা যাবে না তবে এটি অনুসন্ধান বা অন্য কোন ধরণের তদন্ত প্রক্রিয়ার পাশাপাশি বহাল থাকবে।

### পর্যালোচনাটি কারা পরিচালনা করবে?

স্থানীয় সংবিধিবদ্ধ ও স্বেচ্ছাসেবী সংস্থার সদস্যদের নিয়ে একটি পর্যালোচনা দল গঠন করা হবে তবে মামলাটির সাথে প্রত্যক্ষ জড়িত ছিল এমন কোন কর্মকর্তাকে এই দলে রাখা হবে না। ক্ষতিগ্রস্ত ব্যক্তিদেরকে আরো ভালো সহায়তা প্রদানে পারিবারিক সহিংসতার ক্ষেত্রে পুরো কমিউনিটির সাড়া প্রদানের বিষয়টি কীভাবে উন্নয়ন করা যায় সেটি পর্যালোচনা দলটি খতিয়ে দেখবে।

### এই পর্যালোচনায় আপনার অংশগ্রহণ

কর্মকর্তাদের ঘটনাটি বুঝতে সাহায্যের জন্য আমরা মনে করি সবচেয়ে উপযুক্ত ব্যক্তিরা হচ্ছেন বন্ধুবান্ধব, পরিবারের সদস্য ও অপরাধের শিকার ব্যক্তি ও পরিচিতজন। অপরাধের শিকার ব্যক্তি প্রায়শই তাদের নির্যাতনের কথা পরিবারের সদস্যদেরকে জানান এবং কখনও কখনও সাহায্যে চাইলে তারা যে সব অভিজ্ঞতার মুখোমুখি হন সেটিও তাদেরকে জানান। এর মাধ্যমে বুঝা যায় যে এই মর্মান্তিক ঘটনাটি থেকে যে শিক্ষা পাওয়া যাবে পরিবারের সদস্যরা সরকারী সংস্থাদেরকে সেটি চিহ্নিত করতে সাহায্য করতে পারবেন, সুতরাং আপনার মতামত শোনা দরকার।

### পর্যালোচনাতে অংশগ্রহণ

আপনি পর্যালোচনাতে অংশগ্রহণ করতে চাইলে পর্যালোচনা দলটি আপনাকে ঘটনাটি ও তার কারণ সম্পর্কে আপনার অভিজ্ঞতা শেয়ার করতে বলবে। এর মধ্যে হতে পারে আপনার অনুভূতি, ঘটনার স্মৃতি ও এই মর্মান্তিক ঘটনার ব্যাপারে আপনার মতামত জানানো। যে সব পরিস্থিতিকে ঘিরে আপনার পরিবারের সদস্যের মৃত্যু হয়েছে সেটি নিশ্চিত ভাবে যতটুকু সম্ভব জানতে এবং এর থেকে প্রাপ্ত শিক্ষা কাজে লাগানোর মাধ্যমে ভবিষ্যতে আর কোন মৃত্যুকে ঠেকাতে পর্যালোচনা দলটি চেষ্টা করছে। আপনার পরিবারের কোন সদস্য কর্তৃক সরকারী সংস্থা, কমিউনিটি ভিত্তিক প্রতিষ্ঠান বা অন্যান্যদের কাছ থেকে সাহায্যে পেতে প্রচেষ্টা চালানোর ব্যাপারে আপনি হয়ত অবগত আছেন, এই প্রক্রিয়ার অংশ হিসাবে সেটি তারা আপনার কাছ থেকে জানতে চাইছে কারণ এই সব যোগাযোগের খবর কখনও কখনও পর্যালোচনা দলটির কাছে জানা থাকে না। আপনি হয়ত অন্য কোন ব্যক্তির মতামত প্রদানের জন্য তাকে আমন্ত্রণের জানাতে পর্যালোচনা দলটির কাছে সুপারিশ করতে চাইতেও পারেন।

আপনি আপনার অনুভূতি ও মতামত নিম্নোক্ত বিভিন্ন পন্থাগুলোর সব বা এর কয়েকটি ব্যবহার পূর্বক জানাতে পারেনঃ

- লিখিত বা রেকর্ডিং এর মাধ্যমে
- টেলিফোনে কথাবার্তার মাধ্যমে
- কিছু পর্যালোচনাকারীর উপস্থিতিতে সামনা সামনি বৈঠকের মাধ্যমে। এই ধরণের বৈঠক আদালতে আয়োজন করা হয় না এবং আপনাকে আপনার মতামত হলফ করে শেয়ার করতে হবে না। কথাবার্তায় সাহায্যের জন্য পর্যালোচনাকারী প্রশ্ন জিজ্ঞাসা করবেন এবং পুরো এই প্রক্রিয়াটি কয়েক ঘন্টার বেশী সময় ব্যাপী চলবে না বা আপনি যতক্ষণ চাইবেন ততক্ষণ চলবে।

## আপনার শেয়ার করা তথ্যাবলীর কী হবে?

আপনি যে সব তথ্য শেয়ার করবেন সেটি অপরাধের শিকারী ব্যক্তিটির মৃত্যুর পূর্বের পরিস্থিতিগুলোর ব্যাপারে একটি সম্যক ধারণা পেতে পর্যালোচনা দলটিকে সাহায্যে করবে এবং এর ফলে পরিবর্তনের জন্য সুপারিশমালা প্রণয়নে দলটির জন্যও সাহায্যের হবে। এই সুপারিশমালাটিকে তখন একটি একশান প্ল্যান হিসাবে রূপ দেয়া হবে। আপনার প্রদত্ত তথ্যাবলীর গোপনীয়তা বজায় রাখা হবে এবং পর্যালোচনা প্রতিবেদনটিতে আপনার নাম উল্লেখ করা হবে না।

আপনার অংশগ্রহণ অনেক গুরুত্ব বহন করবে এবং সরকারী সংস্থা সহ কমিউনিটি পারিবারিক সহিংসতার শিকার ব্যক্তিদের ব্যাপারে যেভাবে সাড়া প্রদান করে সেটির পরিবর্তনে হয়ত এটি কাজে আসতে পারে।

## পর্যালোচনা প্রক্রিয়াটি কতদিন ব্যাপী চলবে?

ডমেস্টিক হোমিসাইড পর্যালোচনার জন্য কোন নির্দিষ্ট সময় সীমা বেঁধে দেয়া নেই তবে মৃত্যুর প্রায় একমাস পর প্রক্রিয়াটি শুরুর প্রত্যাশা করা হয়। প্রায় ছয় মাসের মধ্যে পর্যালোচনাটি শেষ হবে তবে অন্যান্য অনুসন্ধানের ফলাফলের উপর নির্ভর করে এর মেয়াদ বাড়তে পারে যেমন, অপরাধীর বিরুদ্ধে চলমান কোন ফৌজদারী মামলা থাকলে সে কারণে।

## পর্যালোচনার মাধ্যমে কী কী পাওয়া যাবে?

- এ সংক্রান্ত একটি বিস্তারিত প্রতিবেদন ও এর সংক্ষিপ্তসার একটি সরকারী ওয়েবসাইটে পাওয়া যাবে
- প্রতিবেদনে কোন সুপারিশ থাকলে সেগুলোর যথাযথ কার্যকরীতা নিশ্চিত করতে একটি একশান প্ল্যান করা হবে।

## পরবর্তী পদক্ষেপ

এই পর্যালোচনায় অংশগ্রহণ করার সিদ্ধান্ত পুরোপুরি আপনার উপর এবং আপনি অংশগ্রহণ করতে না চাইলে আপনার সিদ্ধান্তটিকে সন্মান জানানো হবে। পর্যালোচনাটি সম্পন্ন হলে হয়ত সেটি জানাতে পুনরায় আপনার সাথে যোগাযোগের দরকার হতে পারে।

পর্যালোচনাটিতে অংশগ্রহণ করতে চাইলে বা প্রক্রিয়াটির ব্যাপারে আপনার আরো কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ পূর্বক এই লিফলেটের সাথে সংযুক্ত চিঠিতে স্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করবেন। তিনি হয়ত আপনার প্রশ্নের জবাব দিবেন বা আপনার প্রশ্নের উত্তর দিতে পারেন এমন কারো কাছে পাঠাবেন।

## আরো তথ্যাবলী ও সহায়তা

ন্যাশনাল ডমেস্টিক ভায়োলেন্স হেল্পলাইনঃ ০৮০৮ ২০০০ ২৪৭ বা www.nationaldomesticviolencehelpline.org.uk

মেন'স এডভাইজ লাইনঃ ০৮০৮ ৮০১ ০৩২৭ বা www.mensadviceline.org.uk

GALOPঃ ০৮০০ ৯৯৯ ৫৪২৮ বা galop.org.uk

এ এ এফ ডি এ (এডভোকেসী আফটার ফ্যাটাল ডমেস্টিক এবিউজ): ০৭৭৬৮ ৩৮৬৯২২ বা www.aafda.org.uk

ন্যাশনাল হোমিসাইড সার্ভিসঃ ০৮৪৫ ৩০৩০ ৯০০ বা www.victimsupport.org.uk_

**এ এ এফ ডি এ (এডভোকেসী আফটার ফ্যাটাল ডমেস্টিক এবিউজ) কে ধন্যবাদ যারা হোম অফিসের সাথে মিলে এই লিফলেটটি তৈরী করেছে।**